

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান বুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
কাজিপুর, সিরাজগঞ্জ
bbs.kazipur.sirajganj.gov.bd


নং ৫২.০১.৮৮৫০.০০০.৯৯.০০৫.২৩-৫৮

তারিখ: ২৭ আশ্বিন, ১৪৩০
১২ অক্টোবর, ২০২৩

বিষয়ঃ ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র কাজিপুর উপজেলার ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত অত্র কার্যালয়ের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়েছে যা আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্ত: বার্ষিক প্রতিবেদন এক (০১) কপি।


12.10.23
✓ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা
কাজিপুর, সিরাজগঞ্জ

প্রাপক,
উপপরিচালক
জেলা পরিসংখ্যান কার্যালয়
সিরাজগঞ্জ

অনুলিপিৎ কার্যালয়ে
০১। জনাব মো. মজনু আলম, জেএসএ, কাজিপুর, সিরাজগঞ্জ।
(ওয়েবসাইট এ প্রকাশের অনুরোধ করা হলো)
০২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান বুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
কাজিপুর, সিরাজগঞ্জ
bbs.kazipur.sirajganj.gov.bd

নং- ৫২.০১.৮৮৫০.০০০.৯৯.০০৫.২৩-৫৭

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩০
১২ অক্টোবর ২০২৩

বার্ষিক প্রতিবেদন

নিয়মিত কার্যাবলীসমূহ:

- ০৬টি প্রধান ফসলের পূর্বাভাস জরিপ, নমুনা কর্তন, আনুমানিক হিসাব এবং মূল্য ও উৎপাদন খরচ জরিপ
- ❖ এর মাধ্যমে একর প্রতি উৎপাদন ও উৎপাদন-ব্যয় এবং ফসলাধীন জমির পরিমাণ ইউনিয়নওয়ারী সংকলন করে নির্ধারিত সময়ে জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা।
 - ❖ ১৫৬টি স্থায়ী ও অস্থায়ী অপ্রধান ফসলের (ভূট্টা, আম, কাঁঠাল, কলা ইত্যাদি) আনুমানিক হিসাবের মাধ্যমে একর প্রতি উৎপাদন ও মোট আবাদি জমির পরিমাণ নিরূপণ করে নির্ধারিত সময়ে জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা।
 - ❖ প্রতিমাসে Quantum Index of industrial Production (QIIP) ও Producer Price Index (PPI) এর তথ্য সংগ্রহ ও জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা।
 - ❖ বন জরিপ, মৎস্য উৎপাদন জরিপ, গবাদি পশু ও হাঁস-মুরগির প্রাক্কলন জরিপ এবং ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যানসহ দাগগুচ্ছ জরিপ প্রতিবেদন ইউনিয়নওয়ারী সমষ্টি করে নির্ধারিত সময়ে জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা।
 - ❖ প্রাকৃতিক দুর্ঘাগের কারণে সৃষ্টি অস্থায়ী ফসলের (আউশ, আমন, বোরো, গম, আলু, পাট) ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ণয় ও প্রেরণ করা।
 - ❖ সরকারি পর্যায়ে উন্নয়ন পরিকল্পনাবিদ, নীতি-নির্ধারক, গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠান, জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা এবং অন্যান্য ব্যবহারকারীগণের চাহিদা অনুসারে দুটতার সাথে নির্ভরযোগ্য ও ব্যবহারবান্ধব পরিসংখ্যান সরবরাহকরণে সহায়তা প্রদান করা।
 - ❖ উপজেলা পর্যায়ের স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সার্ভে ইন ডিজিটাল প্লাটফর্ম (SVRS) জরিপের তথ্য সংগ্রহ পরিচালনা ও কার্যক্রম (জন্ম, মৃত্যু, আগমন, বহির্গমন, বিবাহ, তালাক, গর্ভবতী, জন্মনিয়ন্ত্রণ এর তথ্য) সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা।
 - ❖ তাছাড়া সময়ে সময়ে পরিচালিত বিভিন্ন শুমারি (জনশুমারি ও গৃহগণনা ২০২২), বিভিন্ন জরিপ (শ্রমশক্তি জরিপ, শিশুশ্রম জরিপ, ICT জরিপ, খানার আয়-ব্যয় জরিপ, হস্ত ও কারুশিল্প জরিপ ইত্যাদি) কার্যক্রম পরিচালনা ও তদারকি করা।

অর্জনসমূহ:

- ০৬টি প্রধান ফসলের (আউশ, আমন, বোরো, পাট, গম, আলু) পূর্বাভাস জরিপ, নমুনা কর্তন, আনুমানিক হিসাব এবং মূল্য ও উৎপাদন খরচ জরিপ সংকলন করে নির্ধারিত সময়ে জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।
- প্রায় ১৫৬টি স্থায়ী ও অস্থায়ী অপ্রধান ফসলের (আম, কাঁঠাল ইত্যাদি) আনুমানিক হিসাবের মাধ্যমে একর প্রতি উৎপাদন ও মোট আবাদি জমির পরিমাণ নিরূপণ করে নির্ধারিত সময়ে জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।
- বন জরিপ, মৎস্য উৎপাদন জরিপ, গবাদি পশু ও হাঁস-মুরগির প্রাঙ্গলন জরিপ এবং ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যানসহ দাগগুচ্ছ জরিপ প্রতিবেদন ইউনিয়ন ওয়ারী সংকলন করে নির্ধারিত সময়ে জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।
- শীতকালীন ও গ্রীষ্মকালীন ভুট্টা ফসলের আনুমানিক হিসাবসহ মাসিক কৃষি মজুরীর তথ্য দাগগুচ্ছ ওয়ারী সংকলন করে নির্ধারিত সময়ে জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।
- স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (SVRS) ২০২২ এর তথ্য সংগ্রহ কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।
- হস্ত ও কারুজাত শিল্প প্রতিষ্ঠান ২০২২ এর তথ্য সংগ্রহ সময়মত সম্পন্ন হয়েছে।
- পথশিশু জরিপ এর তথ্য সংগ্রহ কাজ যথাযথ ভাবে শেষ করা হয়েছে।
- ত্রৈমাসিক শ্রমশিক্ষণ জরিপ (QLFS) এর তথ্য সংগ্রহ কাজ নিয়মিত মনিটরিং করা হয়েছে।
- জনশুমারি ও গৃহগণনা প্রকল্পের আওতায় আর্থ সামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩ সুষ্ঠ ভাবে CAPI পদ্ধতিতে সম্পন্ন করা হয়েছে।
- খানার আয়-ব্যয় জরিপ (HIES) এর তথ্য সংগ্রহ কাজ নিয়মিত মনিটরিং করা হয়েছে।
- জনশুমারি ও গৃহগণনা প্রকল্পের আওতায় কাজিপুর উপজেলায় মাননীয় প্রধানমন্ত্রীর উপহার স্বরূপ শিক্ষা সহায়ক উপকরণ হিসেবে মোট ৪৯০ টি ট্যাবলেট প্রদান করা হয়েছে, ৪৩ টি মাধ্যমিক বিদ্যালয়ে ৪৩০ টি, ১০ টি মাদ্রাসায় ৪০ টি, ০৩ টি নন এমপিও ভুক্ত বিদ্যালয়ে ১২ টি, ০৪ টি কারিগরি বিদ্যালয়ে ০৮ টি।
- অত্র কার্যালয়ের ০৪ জন কর্মচারীর বেতন ভাতাদি ibas++ মাধ্যমে সম্পন্ন করা হয়েছে।
- জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৩ উদযাপন।

উপজেলা পরিসংখ্যান কার্যালয়,কাজিপুর,সিরাজগঞ্জ এর সাংগঠনিক কাঠামো

অফিসের নাম	পদবী	অনুমোদিত পদ	কর্মরত পদ	শূন্য পদ	মন্তব্য
উপজেলা পরিসংখ্যান কার্যালয় কাজিপুর,সিরাজগঞ্জ	পরিসংখ্যান কর্মকর্তা	১	০	১	চেইনম্যান সংযুক্তিতে জেলা পরিসংখ্যান কার্যালয়,সিরাজগঞ্জ এ কর্মরত
	পরিসংখ্যান তদন্তকারী	১	১	০	
	জুনিয়র পরিসংখ্যান সহকারী	২	২	০	
	চেইনম্যান	১	১	০	
	মোট	০৫	০৮	০১	



২০২২-২৩ অর্থ বছরের ধান/গম ফসলের নমুনা কর্তৃন এর স্থিরচিত্র





SVRS প্রকল্পের কাজ পরিদর্শন



জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৩ উদযাপন

